* যা * 50Rs.

पचास रुपया

५०रू. भारत INDIA 50RS

FIFTY RUPEES

দান পত্র দলিল :-
থানা - রানীগঞ্জ
মূল্য - ৩০০০ , টাকা

দান গ্রহিতা :- শ্রী রামেশ্বর গরাই পিতা শ্রীভুবন চন্দ্র গরাই জাতি হিন্দু পেশা ব্যবসাদি সাং রানীগঞ্জ থানা ও সাবরেজিষ্ট্রী রানীগঞ্জ চৌকী আসানসোল জেলা - বর্দ্ধমান ।

দান দাত্রী :- শ্রী মতি নেহালী বালা দাসী স্বামী মৃত রাখহরি গরাই জাতি হিন্দু পেশা গৃহস্থালী সাং রানীগঞ্জ থানা ও সাবরেজিষ্ট্রী রানীগঞ্জ চৌকী - আসানসোল জেলা বর্দ্ধমান ।

কস্য শুভ দান পত্র মিদং কার্য্যঞ্চাগে :- জেলা বর্দ্ধমান চৌকী আসানসোল থানা ও সাবরেজিষ্ট্রী রানীগঞ্জ সামীল মৌজা রানীগঞ্জ ও সিহাড়শোল মধ্যে নিম্নের তপশীলোক্ত সম্পত্তি আমার নিজস্ব অর্থে অর্জ্জিত সম্পত্তি হইতেছে এবং আমি উহাতে দ্বাদশ বর্ষের বহু উর্দ্ধকাল নিজ স্বত্বে প্রকাশ্যে আমার অপর

30 Rs.

तीस रुपया

भारत

INDIA

३०रु. THIRTY RUPEES 30 RS.

পরিবারবর্গের নিঃসম্পর্কে নিরবিচ্ছিন্নে ভোগ দখল করিতে থাকিয়া আমি অপর একটী উৎকৃষ্ট স্বাধীন স্বত্ব অর্জন করিয়াছি এবং উহা অক্ষুন্ন আছে। তপশীলোক্ত সম্পত্তি সকলের খাজনা ট্যাক্সাদি আমি নিজ অর্থে নিজ তহবিল হইতে নিজ নামে আদায় দিয়া রসিদ প্রাপ্ত হইয়া আসিতেছি। বর্ত্তমান রিভিস্যানেল সেটেলমেন্ট স্বত্বলিপিতে আমার নাম ও স্বত্বাদি যথাযথ ভাবে লিপিবদ্ধ হইয়াছে। আমি তোমার পিতামহ এবং তুমি আমার পৌত্র, তুমি আমার পরম স্নেহের পাত্র তোমার সুখ স্বাচ্ছন্দ আমার একমাত্র কাম্য। আমার আরও ছয়টী পৌত্র বর্ত্তমান। ক্ষনে আমার বয়স প্রায় ৭০ বৎসর উর্দ্ধ হইবে, সকল সময় আমি তোমাদের চিন্তায় সময় অতিবাহিত করি। আমি আমার নিজস্ব স্বোপার্জ্জিত নিম্নের তপশীলোক্ত সম্পত্তি সকল তোমরা ভোগ দখল করিলে আমি অত্যন্ত পরিতৃপ্ত হইব। আমি তপশীলোক্ত সম্পত্তি তোমাদিগকে দান করিব মনস্থ করিয়া আমার ইচ্ছা প্রকাশ করায় তোমরা ও তোমাদের পিতা সর্ব্বান্তঃকরনে তাহাতে সম্মতী দিয়াছি ও তোমরা আমার এই

1R.

INDIA

एक रुपया

एक रुपया

ONE RUPEE भारत ONE RUPEE

স্নেহের দান গ্রহন করিতে সানন্দে স্বীকৃত হইয়াছ আমার জীবমানে তোমরা তপশীলোক্ত সম্পত্তি সকল প্রাপ্ত হইলে ও দান গ্রহন করিলে উহা ভোগ দখল করিতে থাকিলে আমি অত্যন্ত সুখী ও তৃপ্ত হইব, বিষয়কর্ম্ম হইতে অব্যাহতি লাভ করিয়া সর্ব্বময় ভগবানের আরাধনায় লিপ্ত হইতে পারিলে এবং বক্রী জীবন নিশ্চীন্তে ভগবৎ সেবায় অতিবাহিত করিতে পারিলে আমি কৃতার্থ হইব। আমার আয়ুস্কাল প্রায় সম্পূর্ন হইয়া আসিয়াছে এবং আর বেশী দিন পরমায়ু নাই এবং আমার জীবমানে সকল ইচ্ছা পূর্ন করিয়া যাইতে বাসনা করি। আমি সকল বিষয় বিবেচনা করিয়া পরম স্নেহপরবশে নিম্নের তপশীলোক্ত সম্পত্তির অবিভক্ত ১/৭ একের সাত অংশ অত্র দলিল দ্বারা তোমাকে দান করিলাম এবং তুমি আমার এই দান গ্রহন করিলে ও উহার দখল প্রাপ্ত হইলে ও আমি তোমাকেউহার দখল দিলাম। অত্র দানপত্র মূ

মূলে তুমি তপশীলোক্ত সমগ্র সম্পত্তির এজমাল $\frac{১}{৭}$ একের সাত অংশ প্রাপ্ত হইলে। তুমি তোমার অংশে প্রাপ্ত সম্পত্তি তোমার অপরাপর ছয় ভ্রাতার সহিত একত্রে এজমালে সুখে স্বচ্ছন্দে ভোগ দখল করিবে আমি তাহাদিগকেও পৃথক পৃথক দলিল দ্বারা - তপশীলোক্ত সম্পত্তি সম অংশে দান করিলাম। তপশীলোক্ত সম্পত্তি সকল সর্ব্বোতোভবে নির্দ্দায় অবস্থায় আমার খাস দখলে আছে এবং সম্পূর্ন নির্দ্দায় অবস্থায় তোমাকে দান করিয়া উহার খাস দখল দিলাম। তুমি আমাকে যে রূপ শ্রদ্ধা ভক্তি সহকারে সেবা যত্নাদি ভরনপোষনাদি করিতেছ আমি যত দিন বাঁচিয়া থাকিব ততদিন ঐ রূপ সেবা যত্নাদি করিবে, তোমার ব্যবহারে তোমার প্রতি আমার ঐ রূপ বিশ্বাশ জন্মিয়াছে, তুমি আমার একমাত্র পুত্রের পুত্র হইতেছ, আমার পৌত্রীগনের বিবাহ হইয়াছে এবং তাহারা সুখে স্বচ্ছন্দে আপন আপন শ্বশুরালয়ে বসবাস - করিতেছে, তাহাদের কাহারও কোন অভাব অভিযোগ নাই। অদ্য তারিখ হইতে দানীয় সম্পত্তিতে তুমি দান মূলে মালিক স্বত্ত্বান দখলিকার ও দখলাধিকারী হইয়া তুমি তাহা পুত্র পৌত্রাদি ওয়ারিশান স্থলাভিষিক্ত ক্রমে দান বিক্রয় দায়াবন্ধ হস্তান্তরাদি ক্ষমবানে পরম সুখে উহা ভোগাধিকার কর ও করিতে থাক তাহাতে আমি বা আমার ওয়ারিশান স্থলাভিষিক্তগন কখিতে কেহ কস্মিনকালে কখনও কোনও প্রকার ওজরাপত্য বা দাবি দাওয়া করিব না বা করিতে পারিব না বা করিলেও তাহা সর্ব্বস্থানে বাতিল ও নামঞ্জুর হইবে। তুমি দানকৃত তপশীলোক্ত সম্পত্তি সকলের মালিক হইলে এবং অদ্য তারিখ হইতে উহার আয় উৎপন্নাদি তুমি নিজ নামে আদায় ও গ্রহন করিবে। ধানিজমি ও চাষের জমিতে চাষাবাদ করাইয়া, ঘরাদি সম্পত্তি মাসিক ভাড়ায় বিলি করিয়া ও ভাড়া আদায় করিয়া বা উহা খাস দখলে

রাখিয়া ও লইয়া , দানিয় সম্পত্তির উন্নতি সাধন পরিবর্ত্তন , পরিবর্দ্ধন ও যাবতীয় প্রকারে আপন খুসিমত ও ইচ্ছামত ভোগ দখলাধিকার করিবে ও করিতে থাকিবে । তুমি অত্র দলিল বলে মালিক জমিন সেরেস্তায় ও মিউনিসিপ্যালিটীতে নিজ নাম পত্তন করিতে ও নিজ নামে খাজনা ট্যাক্সাদি আদায় দিতে পারিবে তজ্জন্য অত্র দলিল যথেষ্ট ও প্রচুর গন্য রহিল । আবশ্যক হইলে তপশীলোক্ত সম্পত্তি তোমরা সকল ভ্রাতা আপোষ বিভাগ বন্টন করিয়া লইতে পারিবে কিন্তু নাবালক দান গ্রহিতাগন সাবালক না হওয়া পর্য্যন্ত তোমরা তপশীল বর্নিত সম্পত্তি সকল এজমালে ভোগাধিকার করিবে ও কোনও প্রকারে হস্তান্তর দায়াবন্ধ দান বিক্রয় আদি করিতে পারিবেনা ও করিবে না । তুমি অদ্য তারিখ হইতে তপশীলোক্ত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামীত্ব দখল লভ্য ও অধিকারাদি ছিল ও আছে তৎসমুদায় প্রাপ্ত হইলে ও আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলিকার হইলে । অদ্য তারিখ হইতে তপশীলোক্ত সম্পত্তি সকলের অবিভক্ত ১/৭ একের সাত অংশের দেয় খাজনা ট্যাক্সাদি তুমি আদায় দিবে ও দিতে থাকিবে তাহার সহিত আমার আর কোন সম্পর্ক থাকিল না বা থাকিবে না

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে স্বেচ্ছায় আমি তপশীলোক্ত সমগ্র সম্পত্তির একের সাত অংশ(এজমাল) তোমাকে দান করিলাম ও অত্র দলিলের মর্ম্ম জানিয়া শুনিয়া ও বুঝিয়া এবং অত্র দলিলের ষ্টাম্প নির্নয় জন্য তপশীলোক্ত দানিয় সম্পত্তির ৩০০০, তিন হাজার টাকা মূল্য স্থিরতরে অত্র দলিলে টিপ সহি দিয়া তোমার বরাবর অত্র দানপত্র দলিল সম্পাদন করিলাম । ইতি সন ১৩৭৪ সাল তাং ৩০ শে চৈত্র ইং তাং ১৩।৪।৬৮ -

* তপশীল *

১ দফা :- জেলা বর্দ্ধমান চৌকী আসানসোল থানা ও সাবরেজিষ্ট্রী রানীগঞ্জ সামীল ২৪ নং মৌজা রানীগঞ্জ মিউনিসিপ্যালিটী মধ্যে খতিয়ান নং ১৪৮৫, জমিদ্দার পশ্চিম বঙ্গ সরকার পক্ষে ই, এ, কালেকটর বর্দ্ধমান মারফৎ জে, এল, আর ও, রানীগঞ্জ পোষ্ট রানীগঞ্জ জেলা বর্দ্ধমান।

১। ২০৭০ দুই হাজার সত্তোর দাগ বাস্তু পরিমান .১১৭ শতক, বার্ষিক জমা একমোট ৭.১২ পয়সা জমার সামীল হারাহারী, দখলকার বসত: স্বত্বীয় বাস্তু মায় তদস্থিত স্বসাজ ইমারতাদি ও ইজমেন্ট স্বত্বাদি সহ, ইহা আর, আর, রোডের ৫১ নং হোল্ডিং, ইহার অবিভক্ত $\frac{১}{৭}$ অংশ কাত আং .০১৭ শতক, মূল্য- ১০০০৲ টাকা।

২ দফা :- ঐ মৌজা মধ্যে খতিয়ান নং ১৪৮৯, জমিদার পশ্চিম বঙ্গ সরকার,

১। ২১১৯ দুহ হাজার এক শত উনিশ দাগ বাস্তু পরিমান .০২৭ শতক, বার্ষিক জমা একমোট ১.৮৮ পয়সা জমার সামীল হারাহারী, দখলকার ~~বসত~~বসত: স্বত্বীয় বাস্তু মায় তদস্থিত স্বসাজ ইমারতাদি ও ইজমেন্ট স্বত্বাদি সহ, ইহার আর, আর রোডের ৪৯ নং হোল্ডিং, ইহার অবিভক্ত $\frac{১}{৭}$ অংশ কাত .০০৪ শতক।

মূল্য - ৪২৯৲ টাকা।

৩ দফা :- ঐ মৌজা মধ্যে খতিয়ান নং ১৮০৬, জমিদার ঐ।

১। ২১১৮ এক হাজার এক শত আঠার দাগ বাস্তু পরিমান .০২৪ শতক বা দেড় কাঠা, বার্ষিক জমা একমোট ১.৫০ পয়সা জমার সামীল হারাহারী, দখলকার বসত: স্বত্বীয় বাস্তু মায় তদস্থিত স্বসাজ ইমারতাদি ও ইজমেন্ট স্বত্বাদি সহ, ইহা আর, আর রোডের ৫০ নং, হোল্ডিং, ইহার অবিভক্ত $\frac{১}{৭}$ অংশ কাত আং

.০০৩ শতক । মূল্য - ৩৫৭৲ টাকা ।

৪ দফা :- ঐ মৌজা মধ্যে খতিয়ান নং ২৩৬১ , জমিদার ঐ । আর , সুস খতিয়ান নং ৩১২৯ ,

১। ১।
১। $\frac{১৬৭}{৫৩৫০}$ এক শত সাতষট্টি বাটা পাঁচ হাজার তিন শত পঞ্চাশ দাগ বাস্তু পরিমান .০৯ শতক ,

২। $\frac{১৬৬}{৫৩৯৭}$ এক শত ছেষট্টি বাটা পাঁচ হাজার তিন শত সাতানব্বই দাগ বাস্তু পরিমান .০৪ শতক । সর্ব্ব মোট .১৩ শতক , দখলকার বমত: স্বত্বীয় বাস্তু মায় তদস্থিত সমাজ ইমারতাদি ও ইজমেন্ট ইত্যাদি সহ , ইহা পি , এন , মালিয়া রোডস্থ ১২৪ নং হোল্ডিং এবং পি , এন , মালিয়া রোড বাই লেনের ১নং হোল্ডিং ইহার অবিভক্ত $\frac{১}{৭}$ অংশ কাত আং .০২ শতক , বার্ষিক জমা একমোট ১৫.০০ টাকা জমার সামীল হারাহারী । মূল্য - ৫০০৲ টাকা ।

৫ দফা :- ঐ মৌজা মধ্যে খতিয়ান নং ১৩৬৩ , জমিদার ঐ ।

১। ৪১ একচল্লিশ দাগ গড়লায়েক পতিত পরিমান ১.১০ শতক ,

২। ৫২ বাহান্ন দাগ বাইদ পরিমান ———— .৯২ শতক ,

৩। ৫৫ পঞ্চান্ন দাগ বাইদ পরিমান ———— .০৭ শতক ,

৪। $\frac{৪১}{১২৮৩}$ একচল্লিশ বাটা এক হাজার দুই শত তিরাশী দাগ ডাঙ্গা পরিমান . মোট .১৩ শতক । সর্ব্ব মোট ২.২২ শতক মধ্যে ১.৬৬$\frac{১}{২}$ শতক তন্মধ্যে অবিভক্ত $\frac{১}{৭}$ অংশ কাত আং .২৪ শতক । ~~মূল্য~~ বার্ষিক জমা একমোট ২.২২ শতকের কাত ৫.৬২ পয়সা জমার সামীল হারাহারী , বায়তস্থিতিবান স্বত্বীয় । মূল্য - ১৪৩৲ টাকা

৬ দফা :- ঐ মৌজা মধ্যে খতিয়ান নং ১৩৬৯ , জমিদার ঐ ।

১। ১০৫০ এক হাজার পঞ্চাশ দাগ বাইদ পরিমান .৬১০ শতক মধ্যে অবিভক্ত $\frac{১}{৭}$

অংশ কাত আং .০৮৭ শতক, বার্ষিক জমা একমোট .৬১০ শতকের কাত ২.১৫ পয়সা জমার সামীল হারাহারী, রায়তস্থিতিবান স্বত্বীয়, মূল্য - ৮৬ৣ টাকা

৭ দফা :- ঐ মৌজা মধ্যে খতিয়ান নং ১৩৭৬, জমিদার ঐ।

১। ৫৭ সাতান্ন দাগ বাইদ পরিমান .৪১ শতক,

২। ৫৬ ছাপান্ন দাগ বাইদ পরিমান .৩০ শতক,

মোট .৭১ শতক মধ্যে অবিভক্ত $\frac{১}{৭}$ অংশ কাত আং .১০ শতক, বার্ষিক জমা একমোট ৩.৩১ পয়সা জমার সামীল হারাহারী, রায়তস্থিতিবান স্বত্বীয়। মূল্য - ১০০ৣ টাকা।

৮ দফা :- ঐ জেলা থানা দির সামীল ১৭ নং মৌজা সিহাড়শোল মধ্যে খতিয়ান নং ৩৩৩ হইতে আর, এস, খতিয়ান নং ১৭২, জমিদার ঐ।

১। ৪৭৫২ চারি হাজার সাত শত বাহান্ন দাগ কানালী পরিমান .২৮ শতক,

২। ৪৭৫৫ চারি হাজার সাত শত পঞ্চান্ন দাগ কানালী পরিমান .৯৬ শতক।

মোট ১.২৪ শতক মধ্যে অবিভক্ত $\frac{১}{৭}$ অংশ কাত আং .১৮ শতক, বার্ষিক জমা একমোট ১.২৪ শতকের কাত ১০.৮৬ পয়সা জমার সামীল হারাহারী, রায়তস্থিতিবান স্বত্বীয়। মূল্য - ১৪০ৣ টাকা

৯দফা :- ঐ মৌজা মধ্যে খতিয়ান নং ২৫১, আর এস, খং ১২০১, জমিদার ঐ।

১। ৪৭৪৩ চারি হাজার সাত শত তেতাল্লিশ দাগ কানালী পরিমান .২০ শতক,

২। ৪৭৪৬ চারি হাজার সাত শত ছেচল্লিশ দাগ কানালী পরিমান .৩৩ শতক,

৩। ১০৪৭ এক হাজার সাতচল্লিশ দাগ বাইদ পরিমান .০৩ শতক।

মোট .৫৬ শতক মধ্যে অবিভক্ত $\frac{১}{৭}$ অংশ কাত আং .০৮ শতক, বার্ষিক জমা একমোট ৫৬ শতকের কাত ২.৭৯ পয়সা জমার সামীল

হারাহারী , বায়তস্হিতিবান স্বত্বীয় । মূল্য - ১০০ ̎ টাকা ।

১০ দফা :- ঐ মৌজা মধ্যে খতিয়ান নং ২৬৫ , আর , এস , খতিয়ান নং ১৭৮ ,

জমিদার ঐ ।

১। ৪৭৩৭ চারি হাজার সাত শত সাইত্রিশ দাগ বাইদ পরিমান •১০ শতক ,

২। ৪৭৪৪ চারি হাজার সাত শত চুয়াল্লিশ দাগ বাইদ পরিমান •০৭ শতক ,

৩। ৪৭৫৩ চারি হাজার সাত শত তিপান্ন দাগ কানালী পরিমান •৭০ শতক ,

৪। ৪৭৫৭ চারি হাজার সাত শত সাতান্ন দাগ কানালী পরিমান •৬৯ শতক ।

মোট ১•৫৬ শতক মধ্যে অবিভক্ত ১/৭ অংশ

কাত আঃ •২২ শতক , বার্ষিক জমা একমোট ১•৫৬ শতকের কাত ১২•৫০ পয়সা জমা

সামীল হারাহারী , বায়তস্হিতিবান স্বত্বীয় । মূল্য - ১৪২ ̎ টাকা ।

টাইপিষ্ট :-

অত্র দলিল দাত্রীকে পড়িয়া শুনাইলাম ।

সাং রানীগঞ্জ ।

ইসাদি :-